জমির ক্ষেত দেখেই কান্নায় ভেঙ্গে পড়লেন কৃষক আজিজুল

জমির ক্ষেত দেখেই কান্নায় ভেঙ্গে পড়লেন মুজিবনগরের কোমরপুর গ্রামের কৃষক আজিজুল হক ভুটো। প্রায় দুই বিঘা জমির কলা বাগানের সব কাঁধি কেটে তসরুপাত করেছে দূর্বৃত্তরা।
বর্গা চাষী ভুটোর প্রায় ৯ শতাধিক কলার গাছে কাঁধি কেটে তসরুপ করায় তার প্রায় সাড়ে তিন লক্ষ টাকার ক্ষতিসাধন হয়েছে।
শুক্রবার দিবাগত রাতের কোন এক সময় কলার কাঁদি কেটে তসরুপাত করার এই ঘটনা ঘটে।
কৃষক আজিজুল হক ভূটো জানান নিজের কোনো যায়গা জিরাত নেই। তাই কোমরপুর গ্রামের বকুল বিশ্বাসের কাছ থেকে জমি লিজ নিয়ে কলার আবাদ করেছেন তিনি। চাষ করতে গিয়ে ইতোমধ্যে অনেক ধার দেনা হয়েছে। আর কয়েকটা দিন পরই কলা বিক্রি শুরু হবে। ধার দেনা পরিশোধ করবেন। ভুটো বলেন, দুই বিঘা জমিতে প্রায় ৯ শতাধিক কলার গাছ রোপন করা হয়েছিল। প্রতিটি কলা গাছে কলার কাঁধি এসেছে। কলা মোটা তাজা হতে শুরু করেছে। ঠিক সেই মুহূর্তে রাতের আধারে দুর্বৃত্তরা ৯ শতাধিক কলার কাঁদি কেটে টুকরো টুকরো করে ফেলে রেখে গেছে।

শনিবার সকালে কলার মাঠে গিয়ে এই দৃশ্য থেকে কান্নায় ভেঙে পড়েন তিনি।
আজিজুল হক জানান ৯ শতাধিক কলার গাছে প্রায় সাড়ে তিন লক্ষ টাকার ক্ষতিসাধন হয়েছে। খবর পেয়ে কোমরপুর পুলিশ ক্যাম্পের আইসি ঘটনাস্থল পরিদর্শন করেন।